# বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৫০৯

পর্ব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৫. চন্দ্র ও সূর্যগ্রহণের সালাত - চন্দ্র ও সূর্যগ্রহণের সালাতের পদ্ধতি

## আরবী

وَلِأَبِي دَاوُدَ: عَنْ أُبَيِّ بْنِ كَعْبٍ: صَلَّى, فَرَكَعَ خَمْسَ رَكَعَاتٍ وَسَجَدَ سَجْدَتَيْنِ, وَفَعَلَ فِي الثَّانِيَةِ مِثْلَ ذَلِكَ

منكر. رواه أبو داود (1182)

## বাংলা

৫০৯. আবূ দাউদে উবাই বিন কা’ব (রাঃ) থেকে বর্ণিত হয়েছে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-পাঁচ রুকূ’ ও দু’ সিজদাতে এ সালাত আদায় করলেন। দ্বিতীয় রাকাআতেও তাই করলেন।[1]

## ফুটনোট

[1] আবূ দাউদ ১১৮২, আহমাদ ১০৭১৯

বিন বায বুলুগুল মারামের হাশিয়ায় (৩২৮) বলেন, এর সানাদে আবূ জাফর আররাযী নামক দুর্বল রাবী রয়েছেন। স্মৃতিশক্তির দুর্বলতার কারণে তার দলীল অগ্রহণযোগ্য। ইমাম যায়লায়ী নাসবুর রায়াহ (২/২২৭) গ্রন্থে বলেন, এর সানাদে আবূ জাফর আর রাযী ঈসা বিন আবদুল্লাহ বিন মাহান রয়েছেন যিনি সমালোচিত। আলবানী আবূ দাউদের (১১৮২) নং হাদীসটিকে দুর্বল বলেছেন। ইবনু আবদুল বার্র (৩/৩১১) বলেন, এর সানাদ শক্তিশালী নয়। ইমাম নববী আল খুলাসা (২/৮৫৮) গ্রন্থে এর সানাদে দুর্বলতার কথা উল্লেখ করেছেন।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ উবাই ইবনু কা‘ব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=70320

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন